MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১৫৭ তারিখঃ ১০/০৭/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজন সংক্রান্ত পরিবর্তন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬১৬, তারিখ: ০৯/০৭/২০২৩।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬১৫, তারিখ: ০৬/০৭/২০২৩।
(গ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/১৫২, তারিখ: ২০/০৬/২০২৩।
(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬০৬, তারিখ: ১৫/০৬/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আর্কষণপূর্বক সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজন সংক্রান্ত বিষয়ে প্রক্রিয়া পরিবর্তন করে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত 'ক' নির্দেশনা জারী করেছে।

উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ড ইতিমধ্যে সূত্রোক্ত 'খ' নির্দেশনার মাধ্যমে উক্ত বিষয়ে সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তা ও সিএন্ডএফ এজেন্টদের প্রতিনিধিগণকে প্রশিক্ষণ প্রদান করার কার্যক্রম শুরু করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত তথ্যাদি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

১০/৭/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬১৬ তারিখ: ০৯.০৭.২০২৩ খ্রি.

বিষয়: অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ট্রান্সপোর্ট নেম, ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন সংক্রান্ত পরিবর্তন।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬০৬, তারিখ: ১৫.০৬.২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে আমদানি-রপ্তানিতব্য পণ্যের বিপরীতে দাখিলকৃত বিল অব এন্ট্রি/এক্সপোর্টের ১৮ ও ২১ নং ঘরে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন সংক্রান্ত নির্দেশনা সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রদান করা হয়। বিভিন্ন অংশীজনদের চাহিদা অনুযায়ী এ সংক্রান্ত ডেভেলপমেন্ট আরও আধুনিক ও স্বয়ংক্রিয় করা হয়েছে।

০২। আগামী ১২.০৭.২০২৩ খ্রি. তারিখ হতে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে বিল অব এন্ট্রি দাখিলের ক্ষেত্রে ১৮ নং বক্সে ট্রান্সপোর্ট নেম, ২১ নং বক্সে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম এবং ৩১ নং বক্সে প্যাকেজ কোড বিল অব ল্যাডিং, প্রযোজ্য ক্ষেত্রে এয়ারওয়ে বিল হতে স্বয়ংক্রিয়ভাবে প্রতিফলিত হবে। এক্ষেত্রে ১৮, ২১ ও ৩১ নং বক্সে কোন ধরনের ম্যানুয়াল ইনপুট দেয়ার প্রয়োজন হবে না। বিল অব এক্সপোর্টের ক্ষেত্রে ১৮ নং বক্সে ট্রান্সপোর্ট নেম (যেমন: Vessel Name, Flight Number etc.) এবং ২১ নং বক্সে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম ড্রপ ডাউনের মাধ্যমে বাধ্যতামূলকভাবে এন্ট্রি করতে হবে। উল্লেখ্য যে, রপ্তানির ক্ষেত্রে যে সকল শিপিং এজেন্ট বা ফ্রেইট ফরোয়ার্ডার বা এয়ারলাইন্স ইত্যাদি কর্তৃক রপ্তানিকারকের পক্ষে এক্সপোর্টের বিল অব ল্যাডিং বা এয়ারওয়ে বিল সাবমিট করা হবে, ২১নং বক্সে কেবলমাত্র সে সকল শিপিং এজেন্ট বা ফ্রেইট ফরোয়ার্ডার বা এয়ারলাইন্স এর AIN (Agent Identification Number) উক্ত বক্সে এন্ট্রি করতে হবে। উক্ত ক্যারিয়ার অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ইজিএম দাখিলের জন্য দায়বদ্ধ থাকবেন। এ বিষয়ে ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলের জন্য প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, আপনার দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকল অংশীজনদের উক্ত বিষয় সম্পর্কে অবহিত করা এবং উক্ত পরিবর্তন বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

09.07.2023

[রাকিবুল হাসান]
প্রথম সচিব (কাস্টমস: অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ই-মেইল- ss.asycuda@gmail.com

E:\Asycuda\Letters\ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমসঃ অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬১৫ তারিখ: ০৬.০৭.২০২৩ খ্রি.

**বিষয়:** অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ক্যারিয়ার কোড এবং ক্যারিয়ার নেম সংযোজন বিষয়ক প্রশিক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা সিস্টেমের মাধ্যমে রপ্তানি প্রক্রিয়া সহজীকরণ, রপ্তানিকৃত পণ্যের বিষয়ে নিশ্চিত হওয়া, মানি লন্ডারিং প্রতিহত করা, রপ্তানি প্রক্রিয়ার সময় হ্রাস, নির্ভরযোগ্য রপ্তানি পরিসংখ্যান নিশ্চিতকরণের লক্ষ্যে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (ইজিএম) মডিউল বিভিন্ন কাস্টমস স্টেশনে বাস্তবায়িত হয়েছে। বিগত ২৫.০৬.২০২৩ খ্রি. তারিখে চালুকৃত ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন বিষয়ক ডেভেলপমেন্ট এ অংশীজনদের চাহিদা অনুযায়ী কিছু পরিবর্তন ও পরিবর্ধন সাধন করা হয়েছে।

০২। উক্ত ডেভেলপমেন্ট সংক্রান্ত আপডেট সংশ্লিষ্ট সকল অংশীজন এবং কাস্টমস কর্মকর্তাদের অবহিত করার লক্ষ্যে জুম প্লাটফর্মে একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মসূচির বিস্তারিত নিম্নরূপ:

| ক্রম | তারিখ ও সময় | অংশগ্রহণকারী | প্রশিক্ষণে অংশগ্রহণের তথ্য | প্রশিক্ষণ প্রদানকারী কর্মকর্তার নাম ও পদবী |
|---|---|---|---|---|
| ১. | ১০.০৭.২০২৩ সকাল: ১১.০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা | কাস্টম হাউস, চট্টগ্রাম; কাস্টম হাউস, মোংলা; কাস্টম হাউস, আইসিডি; কাস্টম হাউস, পানগাঁও এর আইটি কর্মকর্তাগণ এবং কাস্টম হাউস, চট্টগ্রাম, কাস্টম হাউস, মোংলা; কাস্টম হাউস, আইসিডি; কাস্টম হাউস, পানগাঁও, সিইপিজেড, কোরিয়ান ইপিজেড এর সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের প্রতিনিধিগণ | জুম আইডি: 81804195682<br>পাসওয়ার্ড: 2023 | ১.জনাব গোলাম ছারোয়ার<br>প্রোগ্রামার<br>কাস্টমস অটোমেশন,<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>ঢাকা<br><br>২. জনাব মোঃ রুহুল আমিন<br>সহকারী প্রোগ্রামার<br>কাস্টমস অটোমেশন,<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>ঢাকা |
| | ১০.০৭.২০২৩ বিকাল: ০৩.০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা | কাস্টম হাউস, ঢাকা এর আইটি কর্মকর্তাগণ, কাস্টম হাউস, ঢাকা সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের প্রতিনিধিগণ | জুম আইডি: 86025710511<br>পাসওয়ার্ড: 2023 | |
| ২. | ১১.০৭.২০২৩ সকাল: ১১:০০ ঘটিকা | কাস্টম হাউস, বেনাপোল, ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটসমূহের আইটি কর্মকর্তাগণ, কমিশনারেটভুক্ত ল্যান্ড কাস্টমস স্টেশনসমূহের সিএন্ডএফ এজেন্টদের প্রতিনিধিগণ | জুম আইডি: 85368280632<br>পাসওয়ার্ড: 2023 | |

০৩। এমতাবস্থায়, আপনার দপ্তরে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে বিল অব এন্ট্রি ও এক্সপোর্টে ক্যারিয়ার কোড, ক্যারিয়ার নেম সংযোজন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা এবং সিএন্ডএফ এজেন্টদের প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

06.07.2023

[রাকিবুল হাসান]
প্রথম সচিব (কাস্টমস: অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ই-মেইল- ss.asycuda@gmail.com

কার্যার্থে:

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও;
২-১২। কমিশনার, কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর;

অনুলিপি:

১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/ঢাকা (উত্তর);
৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
৫। জনাব গোলাম ছারোয়ার, প্রোগ্রামার, কাস্টমস অটোমেশন, জাতীয় রাজস্ব বোর্ড (প্রশিক্ষণ প্রদানের অনুরোধসহ);
৬। জনাব মোঃ রুহুল আমিন, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড (প্রশিক্ষণ প্রদানের অনুরোধসহ);
৭। পিএ-টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/১৫২ তারিখঃ ২০/০৬/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/১৪৬, তারিখ: ১৮/০৬/২০২৩।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬০৬, তারিখ: ১৫/০৬/২০২৩।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আর্কষণপূর্বক সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত 'খ' নির্দেশনার আলোকে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ারের নাম সংযোজনের বিষয়ে রপ্তানি পণ্য চালান প্রাইভেট আইসিডি'তে হস্তান্তরের জন্য যেই ফ্রেইট ফরওয়ার্ডার কর্তৃক শিপিং অর্ডার প্রদান করা হয়, সেই ফ্রেইট ফরওয়ার্ডারের AIN (Agent Identification Number) নাম্বার বিল অব এক্সপোর্ট (শিপিং বিল)-এর ১৮নং ঘরে (ক্যারিয়ার কোড) সঠিক ভাবে প্রদান করতে হবে।

উল্লেখ্য, সূত্রোক্ত 'ক' সার্কুলারের মাধ্যমে এ'বিষয়ে ইতিমধ্যে আপনাদের অবগত করা হয়েছে এবং উক্ত সার্কুলারে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ও সংযুক্তির মধ্যে তা বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে।

বিষয়টি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত তথ্যাদি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

20/6/2023

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমসঃ অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৬০৬ তারিখঃ ১৫.০৬.২০২৩ খ্রি.

বিষয়ঃ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা সিস্টেমের মাধ্যমে রপ্তানি প্রক্রিয়া সহজ করা, রপ্তানিকৃত পণ্যের বিষয়ে নিশ্চিত হওয়া, মানি লন্ডারিং প্রতিহত করা, রপ্তানি প্রক্রিয়ার সময় হ্রাস করা এবং সর্বোপরি নির্ভরযোগ্য রপ্তানি পরিসংখ্যান নিশ্চিতকরণের লক্ষ্যে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (ইজিএম) মডিউল বিভিন্ন কাস্টমস স্টেশনে বাস্তবায়িত হয়েছে। অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট সহজভাবে দাখিলকরণের লক্ষ্যে বিল অব এক্সপোর্টে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন সংক্রান্ত ডেভেলপমেন্ট সম্পন্ন হয়েছে এবং এ সংক্রান্ত প্রশিক্ষণ সকল অংশীজনদের প্রদান করা হয়েছে।

০২। উল্লেখ্য, আগামী ২৫.০৬.২০২৩ খ্রি. তারিখ হতে আমদানি-রপ্তানিতব্য পণ্যের বিপরীতে দাখিলকৃত বিল অব এন্ট্রি/এক্সপোর্টের ১৮ ও ২১ নং ঘরে বাধ্যতামূলকভাবে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন করতে হবে। এ সংক্রান্ত কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট রপ্তানিকারককে রপ্তানির পূর্বেই তাদের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সম্পর্কে অবহিত করতে হবে।

০৩। এমতাবস্থায়, আপনার দপ্তরের আওতাধীন সংশ্লিষ্ট সকল অংশীজনদের অবহিত করা এবং ইজিএম পরিপূর্ণভাবে বাস্তবায়ন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

15.06.2023

[রাকিবুল হাসান]
প্রথম সচিব (কাস্টমসঃ অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ই-মেইল- ss.asycuda@gmail.com

কার্যার্থে:

১। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও;
২-১২। কমিশনার, কাস্টম এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর;

অনুলিপি:

১-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম/ঢাকা (উত্তর);
৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
৫। পিএ-টু সদস্য (কাস্টমসঃ নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পিএ-টু সদস্য (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।



CS CamScanner

## অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টে ক্যারিয়ার কোড ও ক্যারিয়ার নেম সংযোজন বিষয় নির্দেশিকা

১. অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের বিল অব এক্সপোর্টের ১৮ নম্বর বক্স ক্যারিয়ার কোডে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার্স অথবা এয়ারলাইন্স এর Agent Identification Number (AIN) সঠিকভাবে প্রদান করতে হবে;

২. ১৮ নম্বর বক্সে সঠিকভাবে ক্যারিয়ার কোড ইনপুট দেয়া সাপেক্ষে ২১ নম্বর বক্সে ক্যারিয়ার নেম স্বয়ংক্রিয়ভাবে প্রতিফলিত হবে। ল্যান্ড কাস্টমস স্টেশনসমূহের ক্যারিয়ার কোডের ক্ষেত্রে স্ব স্ব দপ্তরের মেনিফেস্ট কোড সংযোজন করতে হবে।

৩. ১৮ নম্বর বক্সে মাউসের কারসর রেখে F3 প্রেস করলে ক্যারিয়ার কোড এবং ক্যারিয়ার নেম দ্বারা সার্চ করা যাবে।

ASYCUDA

A BILL OF EXPORT

| | |
|---|---|
| 1 DECLARATION: EX \| 1 | 303 Office Code — Chattogram Export Processing Zone |
| 3 Page: 1 \| 2 | 4 N/A |
| Registration | Manifest 2023 301 4 |
| 2 Consignor/Exporter — BIN: 003520709-0502<br>Paxar Bangladesh Limited<br>Building No 24, Plot 30 (B), Korean<br>Export Processing Zone (KEPZ);<br>Karnafuli PS; Chittagong-4376;<br>TIN:275175760439 | 5 Items: 3<br>6 Tot pack.: 3.00<br>7 Agent Reference number: 2023 |
| 8 Consignee/Importer — BIN:<br>PACIFIC UNIVERSAL<br>CHINA | 9 N/A: -3<br>10 N/A<br>11 N/A<br>12 Tot. Other Costs: 0.00<br>13 N/A |
| 14 Declarant/Agent — AIN: 301154117<br>M N ENTERPRISE<br>601 KHAN BUILDING 2ND FL. SK MUJIB<br>ROAD AGRABAD CHITTAGONG | 15 Country of export: China<br>15 C. E. Code: a CN b<br>17 C. D. Code: a b<br>16 Country of origin: Bangladesh<br>17 Country of destination |
| 18 Carrier Code: 301002886 \| BD<br>19 CF | 20 Delivery terms: CFR |
| 21 Carrier Name: MUTUAL SHIPPING LIMITED<br>BSTI<br>N.Cash | 22 Cur. Total Invoice Value: USD 63,969.29<br>23 Exch. rate: 106.3186<br>24 Nature of transac.: 0 0 |
| 25 MOT: 3<br>26 MOT: Domestic<br>27 Place of loading: BDCPZ Chittagong EPZ | 28 Financial and banking data — Bank Code 005<br>Branch 00000333 LC No<br>Bank Name Sonali Bank Limited<br>Sector & Fund Src 012 Commercial Cash |
| 29 Office of exit: 303 Chattogram Export Proce<br>30 Location of goods: 303CEPZ | |



CS CamScanner